AAIRD
27/8/23

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd

Mujib's Bangladesh

নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫৫.০৩০.১৭. ১৬৬৭ তারিখ: ২৪ /০৮/২০২৩ খ্রিঃ।

## অফিস আদেশ

যেহেতু, জনাব মোঃ ইখতিয়ার ইসলাম, সিনিয়র যোগাযোগ প্রকৌশলী হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে কর্মরত থাকা অবস্থায় কানাডার VA-SYSTEMS INC, 16-1050 Kamato Road, Mississauga on, L4W 2W4 নামক প্রতিষ্ঠানে Wireless Technician পদে বৈদেশিক চাকরিতে যোগদানের জন্য কর্তৃপক্ষ বরাবর আবেদনের পরিপ্রেক্ষিতে তার অনুকূলে বিগত ২৭/০২/২০১৯ তারিখ ৩০.৩১.০০০০.২০১.৫৫.০৩০.১৭-৮০২৭নং স্মারকমূলে কতিপয় শর্তসাপেক্ষে ৩ (তিন) বছর লিয়েন মঞ্জুর করা হয়, যা হশাআবি হতে অবমুক্তির তারিখ হতে কার্যকর হয়ে উক্ত লিয়েনের মেয়াদ গত ১৩/০৩/২০২২ তারিখে শেষ হয়;

২.০ যেহেতু, লিয়েনের মেয়াদ গত ১৩/০৩/২০২২ তারিখে অতিক্রান্ত হলেও তিনি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষে স্ব-পদে কাজে যোগদান না করে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, টরন্টো, কানাডার মাধ্যমে ২ (দুই) বছর লিয়েন বৃদ্ধির আবেদন করেন যা কর্তৃপক্ষ কর্তৃক বিবেচিত না হওয়ায় গত ২৫/০৪/২০২২ তারিখ ৩০.৩১.০০০০.২০১.৫৫.০৩০.১৭-১১১৯১নং স্মারকপত্রের মাধ্যমে তাকে জানিয়ে দেওয়া হয় ও জরুরি ভিত্তিতে কাজে যোগদানের জন্য বলা হয় এবং পরবর্তীতে লিয়েন নামঞ্জুর পত্রটি যথাক্রমে ০২/০৭/২০২২ ও ০৪/০৭/২০২২ তারিখে তার ব্যক্তিগত ই-মেইল ও সংশ্লিষ্ট দূতাবাসের ই-মেইলেও প্রেরণ করা হয়;

৩.০ যেহেতু, লিয়েন বৃদ্ধির আবেদন গত ২৫/০৪/২০২২ তারিখে নামঞ্জুর করা হলেও তিনি কর্তৃপক্ষে কাজে যোগদান করেননি এবং পরবর্তীতে শরীরে গুরুতর ব্যাধির কথা উল্লেখ করে বৈদেশিক চাকরি অব্যাহত রাখার জন্য লিয়েন ২ (দুই) বছর বৃদ্ধির পুনর্বিবেচনা বিষয়ে তার ২০/০৭/২০২২ তারিখের আবেদন গ্রহণযোগ্য না হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুর সিদ্ধান্ত গৃহীত হয়;

৪.০ যেহেতু, তিনি অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর বিগত ১৪/০৩/২০২২ তারিখ হতে দীর্ঘদিন যাবৎ বিদেশে অবস্থান করায় ও এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটায়, লিয়েন পুনর্বিবেচনা বিষয়ে তার আবেদন গ্রহণযোগ্য না হওয়ায় এবং তার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় তার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৫.০৩০.১৭.১৫৭৩ তারিখ: ২৫/০৮/২০২২ মূলে বিভাগীয় মামলা নং-১২/২০২২ রুজু করা হয় এবং অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ তিনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করণসহ তার ব্যক্তিগত ই-মেইলে, স্থায়ী ঠিকানায় ও বহিঃ বাংলাদেশ ঠিকানায় প্রেরণ করা হয়;

৫.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে তার নিকট হতে কোন জবাব না পাওয়ায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক গত ১৪/০২/২০২৩ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

৬.০ যেহেতু, তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত 'পলায়ন'-এর অভিযোগ তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে সন্দেহাতীতভাবে প্রমাণিত হলে 'চাকরি হতে বরখাস্তকরণ' সূচক গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে গত ০৪/০৬/২০২৩ তারিখ তার বরাবর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

৭.০ যেহেতু, গত ১১/০৬/২০২৩ তারিখে তার প্রেরিত কারণ দর্শানো নোটিশের জবাব পর্যালোচনায় সন্তোষজনক হিসেবে বিবেচিত হয়নি; এবং

৮.০ যেহেতু, লিয়েন নামঞ্জুরের সিদ্ধান্ত তিনি ০৩/০৭/২০২২ তারিখে পেয়েছেন মর্মে তদন্ত কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করলেও দ্রুততার সাথে কর্তৃপক্ষের কাজে যোগদান করেননি এবং লিয়েনের মেয়াদ গত ১৩/০৩/২০২২ তারিখে অতিক্রান্ত হওয়ার পর হতে এযাবৎ ১৬(ষোল) মাসের বেশি সময় অতিবাহিত হলেও তিনি কাজে যোগদান না করায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত 'পলায়ন'-এর সত্যতা সন্দেহাতীতভাবে প্রতীয়মান এবং তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে তা স্পষ্টভাবে তুলে ধরা হয়েছে।

পাতা-০২ দ্রষ্টব্য

৯.০ সেহেতু, জনাব মোঃ ইখতিয়ার ইসলাম, সিনিয়র যোগাযোগ প্রকৌশলী-এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, অভিযোগ বিবরণী, তদন্তকারী কর্মকর্তার বিস্তারিত তদন্ত প্রতিবেদন ও মতামত, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ও তার প্রেরিত জবাব এবং সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট পর্যালোচনায় এযাবৎ তিনি কাজে যোগদান না করে পলায়নরত থাকায় ও তদন্তে সন্দেহাতীতভাবে তা প্রমাণিত হওয়ায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ৪৯(গ) অনুযায়ী 'পলায়ন'-এর দায়ে তাকে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার বিধি ৫০(১)(খ)(উ) অনুযায়ী তার প্রতি "চাকরি হতে বরখাস্তকরণ" সূচক গুরুদন্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলায় আনীত অভিযোগ এতদ্দারা নিষ্পত্তি করা হলো।

১০.০ এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১৪০০

অনুলিপি (কার্যার্থে):

১। সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

২। সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৩। সদস্য (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৪। সদস্য (এটিএম), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৫। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।

৬। পরিচালক (প্রশাসন)/পরিচালক (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৭। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮। উপ-পরিচালক (প্রশাসন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা (আদেশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সদর দপ্তর প্রশাসন বিভাগকে অবহিত করার জন্য)।

৯। সহকারী পরিচালক (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

১০। জনাব মোঃ ইখতিয়ার ইসলাম (পিতা-মোঃ নজরুল ইসলাম), সিনিয়র যোগাযোগ প্রকৌশলী (বরখাস্তকৃত), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
স্থায়ী ঠিকানা: মাটির মসজিদ লেন, মালতীনগর, ডাকঘর, থানা ও জেলা-বগুড়া।
বহিঃ বাংলাদেশ ঠিকানা: 715-102 Goodwood Park Crt. East York, Ontario, Canada M4C 2G8, Cell: +1(437) 220 0778.

অনুলিপি: (বাহির)

১। Consul (Counsellor) & HOC, Consulate General of the People's Republic of Bangladesh, 2235 Sheppard Avenue East, (Atria II), Suite# 1505, Toronto ON M2J 5B5, Canada.

এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান